রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৮, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাণিজ্য মন্ত্রণালয়**
অবা-১ শাখা

**আদেশ**

তারিখ, ৪ বৈশাখ ১৪০৯/১৭ এপ্রিল ২০০২

এস, আর, ও নং ৬৮-আইন/২০০২—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3 এর sub-section (I) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ১৯৯৭—২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

২। উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ২৪ এর উপ-অনুচ্ছেদ (৬) এর দফা (ড) এর পর নিম্নরূপ দফা (ঢ) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(ঢ) প্রতিটি প্রচ্ছন্ন রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানকে ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ইউটিলাইজেশন পারমিট (ইউ পি) প্রদান করা যাইবে, যথা ঃ—

(অ) যে ক্ষেত্রে কোন ঋণপত্রের বিপরীতে উপকরণাদি আমদানি করিবার পর কার্টুন ও এক্সেসরিজ আমদানির পণ্য মূল্য পরিশোধ করা সম্ভব হয় না সেক্ষেত্রে অন্য কোন ঋণপত্রের বিপরীতে উপকরণাদি আমদানি করিবার পর নির্ধারিত সীমার অর্থ উদ্বৃত্ত থাকিলে উক্ত উদ্বৃত্ত অর্থ সংশ্লিষ্ট ঋণপত্রের বিপরীতে কার্টুন ও এক্সেসরিজ আমদানির পণ্য মূল্য পরিশোধকল্পে সমন্বয় করা যাইবে এবং উক্তরূপ সমন্বয় অনধিক সাতটি ঋণপত্রের মধ্যে করিতে হইবে ;

(আ) যে ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের সহিত অন্য যে সকল ঋণপত্রের উদ্বৃত্ত অর্থ সমন্বয় করা হয় উহার সংশ্লিষ্ট যাবতীয় তথ্যাদি যথা ঃ সংশ্লিষ্ট ব্যাক-টু-ব্যাক ঋণপত্র নম্বর, সূত্র ও তারিখ, ঋণপত্র গ্রহীতার নাম ও ঠিকানা,



মূল্যঃ টাকা ১·০০

পণ্যের বিবরণী এবং পরিমাণ ও আনুষঙ্গিক অন্যান্য তথ্য এইরূপ ইউ পি-তে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে ;

(ই) সরবরাহকৃত পণ্যের (accessories) কাঁচামালের ব্যাক-টু-ব্যাক ঋণপত্র কোন অবস্থাতেই ৬ (ছয়) মাসের অধিক সময় অসমম্বিত অবস্থায় রাখা যাইবে না ;

(ঈ) ৬ (ছয়) মাসের মধ্যে অভ্যন্তরীণ (Inland) ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের অর্থের সমন্বয় সাধন করিতে হইবে ; এবং

(উ) পণ্য চালানসমূহের মূল্য নির্বিশেষে ইহা প্রযোজ্য হইবে।"

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আকরাম হোসেন**
**উপ-সচিব (আইআইটি-২)।**

মোঃ সারোয়ারুজ্জামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত,
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।